কালের কণ্ঠ

তারিখ ...... 19 MAY 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৬

# ভূতের ভয়ে চাটমোহরে কমেছে শিক্ষার্থী

পাবনা প্রতিনিধি ▷

ভূতের ভয়ে পাবনার চাটমোহর উপজেলার বরদানগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতি কমে গেছে। ২৭১ শিক্ষার্থীর মধ্যে গতকাল সোমবার উপস্থিত ছিল মাত্র ৬৭ জন। গত বৃহস্পতিবার কয়েক শিক্ষার্থী অসুস্থ ও এক ছাত্রীর মৃত্যুর কারণে এমনটা হয়েছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম বলেন, 'গত বৃহস্পতিবার শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ার পর থেকে শিক্ষার্থী আসা কমে গেছে। এর মধ্যে ছাত্রীদের সংখ্যা আরো কম।'

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ডা. মঞ্জুরা রহমানের নেতৃত্বে সাত সদস্যের একটি চিকিৎসকদল গতকাল বিদ্যালয় পরিদর্শন করে। ডা. মঞ্জুরা রহমান বলেন, 'আমরা কোনো অস্বাভাবিকতা পাইনি। আমাদের কাছে মনে হয়েছে অসুস্থ হয়ে পড়া শিক্ষার্থীরা সবাই মাস সোসিওজেনিক অ্যাটাক বা অন্যভাবে বললে মাস হিস্টিরিয়া (গণমনস্তত্ত্ব) রোগে আক্রান্ত হয়েছে। এ বয়সের বাচ্চারা হঠাৎ করেই এ ধরনের রোগে আক্রান্ত হয়। ছেলেদের চেয়ে মেয়েরা বেশি আক্রান্ত হয়। একজনের দেখাদেখি খুব দ্রুত রোগটি অন্যদের মধ্যে সংক্রামিত হয়।'

এরপরেও অধিকতর নিশ্চিত হওয়ার জন্য অসুস্থ হয়ে পড়া তিন শিক্ষার্থী এবং সুস্থ তিন শিক্ষার্থীর রক্তের নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। বরদানগর ও আশপাশের এলাকার বেশির ভাগ শিশুকে অপুষ্টির শিকার মনে হওয়ায় স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে ৫৪টি বাড়ির শিশুর মধ্যে ভিটামিন ও আয়রন ট্যাবলেট বিতরণের উদ্যোগ নেওয়া হয়েছে।

চাটমোহরের উপজেলা নির্বাহী কর্মকর্তা শফিকুল ইসলাম বলেন, 'শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করে আতঙ্কিত না হওয়ার জন্য বলেছি।'